

## জাপানি বুলেট ট্রেনে যুক্ত হচ্ছে প্রাইভেট রুম

- A Monitor Desk Report

Date: 30 April, 2024



জাপানের উচ্চগতির বুলেট ট্রেনগুলোর অন্যতম শিনকানসেন। সেন্ট্রাল জাপান রেলওয়ে সম্প্রতি এ পরিষেবায় বিলাসী প্রাইভেট রুম রাখার ঘোষণা দিয়েছে।

সংস্থাটি বলছে, ব্যবসায়িক চাহিদা ও যাত্রীদের আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করার জন্য নতুন বুলেট ট্রেনে যোগ হচ্ছে প্রাইভেট রুম। ২০২৬ সাল নাগাদ এ সেবা উন্মুক্ত হবে। সর্বোচ্চ নিরাপত্তা ও গোপনীয়তা নিয়ে ভ্রমণের সব সুব্যবস্থা থাকবে এ ট্রেনে।

সেন্ট্রাল জাপান রেলওয়ে জানায়, পরিবহন চাহিদার বৈচিত্র্যের প্রতি সাজা দিতে প্রস্তুত তারা। এ ভাবনা থেকেই নতুন বুলেট ট্রেনে থাকছে নানা আয়েশি পরিষেবা। রাজধানী টোকিওকে অন্যতম শহর ওসাকার সঙ্গে সংযুক্ত করেছে শিনকানসেন। ট্রেনটি ১ হাজার ৬২ কিলোমিটার দূরত্ব অতিক্রম করতে সময় নেবে মাত্র ৫ ঘণ্টা।

প্রতিটি ট্রেনে থাকবে দুটি প্রাইভেট রুম, যেখানে এক বা দুজন করে যাত্রী ভ্রমণের সুযোগ পাবেন। কক্ষগুলোয় অন্যান্য বিলাসী আয়োজনের সঙ্গে সার্বক্ষণিক ওয়াই-ফাই, আলো ও বাতাস প্রবাহের সুব্যবস্থা থাকছে। তবে টিকিটের দামসহ বিস্তারিত তথ্য জানতে আরো কিছুদিন অপেক্ষা করতে হবে।

বিদ্যমান প্রথম শ্রেণীর আসনের চেয়ে ভাড়া যে বেশি হবে তা নিশ্চিত করেছে কর্তৃপক্ষ। প্রচলিত ট্রেনের খালি কিছু জায়গা কাজে লাগিয়েই স্থাপন করা হবে এ প্রাইভেট রুম। তাই সংরক্ষিত বা প্রথম শ্রেণীর আসন কমানোর প্রয়োজন হবে না।

-B